২৫

ভোরের কাগজ

তারিখ ... 2-8 SEP 1998 ...
পৃষ্ঠা ৩ কলাম ৭ ......

বিশেষজ্ঞদের অভিমত

# শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যমান কম্পিউটার অবকাঠামো ব্যবহার করে বছরে ১০ হাজার প্রোগ্রামার তৈরি সম্ভব

মাত্র ২০ কোটি টাকা বিনিয়োগ করলেই বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যমান কম্পিউটার অবকাঠামোর যথাযথ ব্যবহারের মাধ্যমে প্রতিবছর ১০ হাজার দক্ষ কম্পিউটার প্রোগ্রামার তৈরি করা সম্ভব। দেশের বিশিষ্ট সফটওয়্যার বিশেষজ্ঞরা বার্তা সংস্থা বাসস-এর কাছে সম্প্রতি উপরোক্ত অভিমত ব্যক্ত করেছেন।

সফটওয়্যার বিশেষজ্ঞরা এ প্রসঙ্গে উল্লেখ করেন যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে অবিলম্বে অন্তত ১০ হাজার দক্ষ প্রোগ্রামার তৈরির ব্যাপারে সম্প্রতি আগ্রহ প্রকাশ করেছেন, যারা বিশ্বমানের সফটওয়্যার তৈরিতে সক্ষম হবে। দেশের বিশিষ্ট কম্পিউটার বিশেষজ্ঞ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেন, দেশের বিশ্ববিদ্যালয় পর্যায়ের ৬৭ হাজার ২৮২ জন ছাত্রের মধ্য থেকে বছরে ১০ হাজার সফটওয়্যার ডেভেলপার তৈরি করতে হলে প্রায় সাড়ে ৩০০ ফুল টাইম প্রশিক্ষক প্রয়োজন হবে। তিনি বলেন, প্রতিবছর বিশ্ববাজারের জন্য প্রায় ১২ লাখ দক্ষ প্রোগ্রামার প্রয়োজন।

নির্বাচিত সরকারি কলেজসমূহে কম্পিউটার সায়েন্স কোর্স প্রবর্তনবিষয়ক প্রকল্পের পরিচালক অধ্যাপক আব্দুল কাদের বলেন, দেশের ১ হাজার ৭০০ উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের কলেজের ১৩ লাখ ছাত্রছাত্রী পাঠ্যক্রমের অবিচ্ছেদ্য অংশ হিসেবে কম্পিউটার বিজ্ঞান সম্পর্কে শিক্ষা লাভের সুযোগ পেলে প্রায় ১ লাখ মিড-লেভেল প্রোগ্রামার তৈরি করা সম্ভব।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর নির্বাচিত ১৫৪টি সরকারি কলেজে কম্পিউটার সায়েন্স কোর্স প্রবর্তনের লক্ষ্যে ২৬ কোটি ৬৮ লাখ টাকা ব্যয়সাপেক্ষ ৫ বছরমেয়াদি একটি প্রকল্প হাতে নিয়েছে। এ ব্যাপারে ৫৬টি কলেজে ইতিমধ্যেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।